


আপডেট: ১০ জানুয়ারি, ২০২২ ১৭:৩৬

বারিতে কৃষি গবেষণার মানোন্নয়নে কর্মশালা



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) যৌথ আয়োজনে দেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের গবেষণার মানোন্নয়নে উদুদ্ধকরণ কর্মশালা বারির কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' কর্তৃক পরিচালিত দিনব্যাপী এ উদুদ্ধকরণ কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ অংশগ্রহণ করেন।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে কর্মশালায় উদ্বোধনী বক্তব্য প্রদান এবং প্যানেলের সদস্যদের পরিচয় করিয়ে দেন সাবেক সচিব ও কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' এর চেয়ারপার্সন ড. জহুরুল করিম। কর্মশালায় প্যানেলের পরীক্ষণ ও পর্যালোচনা প্রক্রিয়া বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ও 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' এর সদস্য ড. রহিম উদ্দিন আহমেদ। এছাড়াও কর্মশালায় বক্তব্য রাখেন বিএআরসি'র সদস্য পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ও 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' এর সদস্য সচিব ড. মো. আবদুছ ছালাম ও বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। এছাড়াও কর্মশালায় অংশগ্রহণকারী বিজ্ঞানীদের সাথে প্যানেলের কার্যক্রম বিষয়ে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

বিডি প্রতিদিন/এএম

मध्या प्रत मा एथ थ ि मू रू र्ज जिल्हा स्था थ ि मू रू र्ज जिल्हा स्था थ ि मू रू र्ज

The Daily Amar Barta

আজ মঙ্গলবার

ঢাকা

■ ২৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ

■ ৭ জমা. সানি ১৪৪৩ হিজরি

১১ জানয়ারি ২০২২



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনন্টিটিউট (ব্যরি) এর যৌথ আয়োজনে গতকাল বারি'র কাজী বদরুদ্ধোজা মিলনায়তনে উদ্বুদ্ধকরণ কর্মশালা অনুষ্ঠিত হয় —আমার বার্তা

কৃষি গবেষণার মানোন্নয়নে কর্মশালা

গাজীপুর প্রতিনিধি: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর যৌথ আয়োজনে দেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের গবেষণার মানোব্লয়রনে উদ্বুদ্ধকরণ কর্মশালা কর্মশালা গতকাল সোমবার বারি'র কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে ৷ কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' কর্তৃক পরিচালিত দিনব্যাপী এ উদ্বৃদ্ধকরণ কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ অংশগ্রহণ করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে কর্মশালায় উদ্বোধনী বক্তব্য প্রদান এবং প্যানেলের সদস্যদের পরিচয় করিয়ে দেন সাবেক সচিব ও কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' এর চেয়ারপার্সন ড. জহুরুল করিম। কর্মশালায় প্যানেলের পরীক্ষণ ও পর্যালোচনা প্রক্রিয়া বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপ্রিচালক ও 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' এর সদস্য ড. রহিম উদ্দিন আহমেদ। এছাড়াও

কর্মশালায় বক্তব্য রাখেন বিএআরসি'র সদস্য পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ও 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' এর সদস্য সচিব ড. মো. আবদুছ ছালাম ও বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। এছাড়াও কর্মশালায় অংশগ্রহণকারী বিজ্ঞানীদের সাথে প্যানেলের কার্যক্রম বিষয়ে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত এই ইনিন্টিটিউট বহিৰ্ভ্ত বিশেষজ্ঞ প্যানেল কৃষি গবেষণা প্ৰতিষ্ঠানসমূহের গবেষণার মান নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি ইনস্টিটিউটের গৃহীত কার্যক্রম ও সম্পাদিত কার্যাবলী পুনরীক্ষণ করবে, প্রতিষ্ঠানসমূহের বিগত ৫ বছরের গবেষণা কার্যক্রম ও অর্জনসমূহ মূল্যায়ন করবে এবং মাঠ পর্যায়ে ব্যবহৃত প্রযুক্তিসমূহ বিভিন্ন স্টেকহোল্ডার ও উপকারভোগীদের দ্বারা যুক্তিসংগত ব্যবহার মাত্রা সনাক্ত করবে। প্যানেল জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক অগ্রাধিকার বিষয়ে গবেষণা কার্যক্রম পরিকল্পনা, পরিবীক্ষণ এবং কার্যকর বাস্তবায়নের জন্য গবেষণা প্রতিষ্ঠানসমূহকে কৌশলগত দিকনির্দেশনা প্রদান করবে।



প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ The Daily Janakantha

জমাদিউস সানি ১৪৪৩ হিজরী ১১ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ বর্ষ ২৯ সংখ্যা ৩১৩ পৃষ্ঠা ১৬ ॥ মূল্য ১০ টাকা www.dailyjanakantha.

বারিতে গবেষণার মানোরয়নে কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর । দেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের গবেষণার মানোর্রনে উদ্বুদ্ধকরণ কর্মশালা সোমবার গাজীপুরের বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) যৌথ আয়োজনে বারির কাজী বদরুদ্দোজা মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

ক্ষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল' কর্তৃক পরিচালিত দিনব্যাপী এ উদ্বুদ্ধকরণ কর্মশালায় বারির বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের জ্যেষ্ঠ বিজ্ঞানীগণ অংশগ্রহণ করেন। বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে কর্মশালায় উদ্বোধনী বক্তব্য প্রদান করেন সাবেক সচিব ও কৃষি মন্ত্রণালয় গঠিত 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল'-এর চেয়ার্পার্সন ড. জহুরল করিম। কর্মশালায় প্যানেলের পরীক্ষণ ও পর্যালোচনা প্রক্রিয়া বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি সন্প্রসারণ অধিদফতরের সাবেক মহাপরিচালক ও 'এক্সটার্নাল এক্সপার্ট প্যানেল'-এর সদস্য ড. রহিম উদ্দিন আহ্মেদ।

0/20T-22



TUESDAY, JANUARY 11, 2022, PAUSH 27, 1428 BS

व्युक्ता-७



Guests attend a daylong workshop on improving qualities of agricultural research at the Kazi Badruddoza auditorium of Bangladesh Agricultural Research Institute in Gazipur on Monday.

— Press release

BARI holds sensitisation workshop

Staff Correspondent

BANGLADESH Agricultural Research Council and Bangladesh Agricultural Research Institute jointly organised a daylong workshop titled 'Sensitisation Workshop for Improving Qualities of Agricultural Research Institute' at the Kazi Badruddoza auditorium of BARI on Monday.

Senior scientists from different divisions and centres of BARI participated at this workshop conducted by the External Panel of Experts formed by the Ministry of Agriculture.

BARI director general Debasish Sarker presided over the function while former secretary and Zahurul Karim, chairperson of the external panel of experts, gave the opening speech and introduced the panel members.

Former director general of the Department of Agricultural Extension and EPE member Rahim Uddin Ahmed presented review and evaluation process of EPE at the workshop.

BARC member director (planning and evaluation) and EPE member secretary Md Abdus Salam and BARI director (research) Md Tariqul Islam also gave their speech at the workshop.

Open discussions were also held with the scientists participating in the workshop on the activities of the panel.

The EPE will review the activities undertaken by each institute to ensure the quality of research of agricultural research institutes, evaluate the research activities and achievements of the institutes over the last five years.

TUESDAY 11 JANUARY 2022 DHAKA

daily sun

03207-12-6



Former Secretary and Chairperson of the External Panel of Experts Dr Zahurul Karim speaks at a workshop jointly organised by Bangladesh Agricultural Research Council (BARC) and Bangladesh Agricultural Research Institute (BARI) at the Kazi Badruddoza auditorium of BARI in Gazipur on Monday. BARI Director (Research) Dr Md Tariqul Islam was also present on the occasion.

DEODLE'S TIME

we believe in people's reality

WEDNESDAY 12 January 2022

BARI holds Sensitization Workshop fo Improving Qualities of ARI's



Abdur Rahman, Gazipur:

Bangladesh Agricultural Research Council (BARC) and Bangladesh Agricultural Research Institute (BARI) jointly organised a daylong workshop titled 'Sensitization Workshop for Improving Qualities of Agricultural Research Institute (ARI)'s' at the Kazi Badruddoza auditorium of BARI today (Monday, 10 January 2022). Senior scientists from different divisions and centers of BARI participated at this workshop conducted by the External Panel of Experts (EPE) formed by the Ministry of Agriculture. BARI Director General Dr. Debasish Sarker presided over the function while former secretary

and Chairperson of the External Panel of Experts Dr. Zahurul Karim gave the opening speech and introducing the panel members. Former Director General of the Department of Agricultural Extension (DAE) and member of the EPE Dr. Rahim Uddin Ahmed presented review and evaluation process of EPE at the workshop. BARC Member Director (Planning and Evaluation) and Member Secretary of EPE Dr. Md. Abdus Salam and BARI Director (Research) Dr. Md. Tariqul Islam also gave their speech at the workshop. Open discussions were also held with the scientists participating in the workshop on the activities of the panel.

The Daily Ajkaler khobor 🔬 www.ajkalerkhobor.com

মঙ্গলবার 🔹 ১১ জানুয়ারি ২০২২ 🔹 ২৭ পৌষ ১৪২৮ 🔹 ৭ জমাদিউস সানি ১৪৪৩

0,20 r-c

উচ্চ ফলনশীল বারি সরিষ-১৮ চাষে লাভবান হচ্ছেন চাষিরা

🏶 কে এম রুবেল, ফরিদপুর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত উচ্চফলনশীল বারি সরিষ-১৮ এর চাষ করে লাভবান হচ্ছেন ফরিদপুরের চাষিরা। অন্য সরিষার চেয়ে ফলন বৈশি হয়ায় ফরিদপুরে এ সরিষার আবাদ দিন দিন বৃদ্ধি পাচেছ। উচ্চফলনশীল বারি সরিষ-১৮ বীজ উৎপাদন করে সারা দেশের চাষিদের

মধ্যে ছড়িয়ে দিচ্ছে রিএডিসি ফরিদপুর।

উন্নত জাতের কোলেস্টেরল বা ফ্যাটি এসিড (ওমেগা-৩ ও ওমেগা-৬) মানবহেদের জন্য উপকারী, সয়াবিন তেলের বিকল্প হিসাবে ব্যবহার করা যায় এবং বারি সরিষা-১৪ ও বারি সরিষা-১৭ এর তুলনায় দ্বিগুণেরও বেশি ফলন হওয়ায় বারি সরিষা-১৮ এর চাষ করে ভালবান হচ্ছেন ফরিদপুরের চাষিরা। এ জেলার মাটি ও আবহাওয়া সরিষা চাষের উপযোগী হওয়া চলতি মৌসুমে সরিষার ফলনও হয়েছে ভালো। আর মাত্র কয়েকদিনের মধ্যেই চাষিরা সরিষা ঘরে তুলবেন। জেলার নয়টি উপজেলাতেই কম-বেশি সরিষার আবাদ হয়ে থাকে। তাঁবে সবচেয়ে বেশি সরিষা উৎপাদন হয় ফরিদপুর সদর, মধুখালী,

বোয়ারমারী ও সালথা উপজেলায়। চাষিরা জানান, এক বিঘা জমিতে উচ্চফলনশীল বারি সরিষা-১৮ চাষে সব্মিলে খরচ হয় চার থেকে সাড়ে সাড়ে চার হাজার টাকা। আর এক বিঘা জমির উৎপাদিত সরিষা ২০ থেকে ২৫ হাজার টাকা বিক্রি করা সম্ভব। অল্প খরচে অধিক লাভ। রোগবালাই তেমন হয় না। অন্য সরিষার চেয়ে অধিক ফলন হওয়ায় বারি সরিষা-১৮ চাষ করেছি। ফলনো ভালো হয়েছে বাজারে চাহিদাও প্রচুর। সঠিক দাম পেলে আগামীতে আরো বেশি চাষ করবো। ফরিদপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্র জানায়, চলতি মৌসুমে জেলায় বারি

সরিষা-১৮, বারি সরিষা-১৭, বারি সরিষা-১৪, টরি ৭সহ প্রায় সাড়ে আট হাজার হেক্টোর জমিতে সরিষা চাষ হয়েছে।

ফরিদপুর বিএডিসির ডাল ও তৈলবীজ উৎপাদন খামারের উপপরিচালক কৃষিবিদ মাহমুদুল ইসলাম খান জিয়া জানান, বারি সরিষা-১৮ তে ইরুসিড এসিড খুবই কম। যা মানবদেহের ক্ষতি করে না। এ তেলে আরো উপকারী কোলেস্টেরল রয়েছে, যেটা মানবদেহের জন্য উপকারী।

সয়াবিন তেলের বিকল্প হিসাবে বারি সরিষা-১৮ তেল আমরা ভোজ্যতেল হিসাবে ব্যবহার করতে পারি। আমরা বীজ উৎপাদন করে সারাদেশের চাষিদের মধ্যে ছড়িয়ে দিচ্ছি। বারি সরিষা-১৮ চাষ বৃদ্ধি পেলে আগামীতে আমাদের আর সয়াবিন তেল বাইরে থেকে আমদানি করতে হবে না। ফলে বিদেশ থেকে সয়াবিন তেলের আমদানিনির্ভরতা কমে আসবে। আমাদের দেশের চাষিরা লাভবান হবেন।